**ALL INDIA RADIO SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGLAI**

**9 MAY 2024**

**7:45—7:55 PM IST**

---

(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আজ রাষ্ট্রপতি ভবনে সম্মানজনক পদ্ম পুরস্কার সমূহ প্রদান/

(২) আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ আয়োজিত এবছরের উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষণা/ বরাক উপত্যকা তিন জেলার ছাত্রছাত্রীদের পাশের হার আশানুরূপ/

(৩) আসাম লোকসেবা আয়োগের ২০২৩ বর্ষের সযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফল ঘোষণা। মেইন্‌স পরীক্ষার জন্য সর্বমোট দুহাজার ৮৯৮ জন পরীক্ষার্থীর যোগ্যতা অর্জন/

এবং

(৪) সোয়াইন ফ্লু'তে আক্রান্ত হয়ে শিশুর মৃত্যু হওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যের স্বাস্থ্য বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে বলে স্বাস্থ্য মন্ত্রী কেশব মহন্তের প্রকাশ/

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দিল্লির রাষ্ট্রপতি ভবনে সম্মানজনক পদ্ম পুরস্কার সমূহ প্রদান করেছেন । দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান পদ্ম পুরস্কার সমূহ- অর্থাৎ- পদ্মবিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী এই তিনটি বিভাগে প্রদান করা হয় ।কলা, সমাজসেবা, বিজ্ঞান ও প্রযুক্তি, বাণিজ্য ও শিল্প, ওষুধ, সাহিত্য ও শিক্ষা, ক্রীড়া ও অসামরিক সেবা ইত্যাদি বিভিন্ন শাখায় এই পদ্ম পুরস্কার সমূহ প্রদান করা হয় । প্রতি বছর সাধারণতন্ত্র দিবসের দিন এই পুরস্কার সমূহ ঘোষণা করা হয় । গত বাইশে এপ্রিল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তিনজন বিশিষ্ট ব্যক্তিত্বকে পদ্মবিভুষণ, আটজনকে পদ্মভূষণ এবং ৫৫ জনকে পদ্মশ্রী সম্মানে ভূষিত করেছিলেন । আজকের এই পদক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন ।

---

আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের অধীন চলতি বছরের উচ্চতর মাধ্যমিক চুড়ান্ত পরীক্ষার ফলাফল আজ ঘোষণা করা হয়েছে । এবছর মেধা তালিকা ছাড়া এই পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে ।এই অনুযায়ী কলা

শাখায় ৮৯ দশমিক ১-৮ শতাংশ , বিজ্ঞান শাখায় ৮৯ দশমিক ৮-৮ শতাংশ , বানিজ্য শাখায় ৮৭ দশমিক ৮-০ শতাংশ এবং বৃত্তিমুখী শাখায় ৮৫ দশমিক ৭-৮ শতাংশ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে ।শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু জানান যে এবছর মোট ২ লক্ষ ৭৩ হাজার ৯০৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল । এর মধ্যে ২ লক্ষ ৪২ হাজার ৭৯৪ জন উত্তীর্ণ হয়েছে ।কলা শাখায় ৪০ হাজার ৪৯৯ জন প্রথম বিভাগে , ৬৫ হাজার ৫৩২ জন দ্বিতীয় বিভাগে এবং ৭২ হাজার ৭৭৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।বিজ্ঞান শাখায় ২৩ হাজার ৫৫২ জন প্রথম বিভাগে , ১৭ হাজার ৩৩৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৮ হাজার ৬২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।অন্যদিকে বানিজ্য শাখায় ৫ হাজার ৯১৫ জন প্রথম বিভাগে , ৬ হাজার ৮৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৩ হাজার ১৯৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।বৃত্তিমুখী শাখায় ১৬৩ জন প্রথম বিভাগে , ৪৪৫ জন দ্বিতীয় বিভাগে এবং ১৪০ জন পরীক্ষার্থী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।

এদিকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ঘোষিত ফলাফল অনুযায়ী কলা শাখায় বাক্সা জেলা প্রথম স্থান , নলবারী জেলা দ্বিতীয় ও দরং জেলা তৃতীয় স্থান লাভ করেছে ।অন্যদিকে বিজ্ঞান শাখায় তামুলপুর এবং শিবসাগর জেলা

প্রথম স্থান লাভ করার বিপরীতে বাক্সা এবং যোরহাট জেলা দ্বিতীয় স্থান এবং বরপেটা ও কামরূপ জেলা তৃতীয় স্থান লাভ করেছে ।অনুরূপভাবে বানিজ্য শাখায় বজালী জেলা প্রথম স্থান , বাক্সা ও তামুলপুর জেলা দ্বিতীয় স্থান এবং বরপেটা ও নগাঁও জেলা তৃতীয় স্থান লাভ করতে সমর্থ হয়েছে ।

---

বরাক উপত্যাকার তিন জেলায়ও এবছরের উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় আশানুরূপ ফল লাভ করতে সক্ষম হয়েছে ।তিনজেলার মধ্যে করিমগঞ্জ জেলা কলা এবং বিজ্ঞান শাখায় সেরা ফল লাভ করেছে ।বাণিজ্য বিভাগে কাছাড় জেলা সেরা ফল লাভ করেছে । কাছাড় জেলায় কলা শাখায় মোট ৮ হাজার ৮৮০ জন অবতীর্ণ হয়েছিল এর মধ্যে মোট ৬ হাজার ৫৮৯ জন উত্তীর্ণ ।১ হাজার ৩১৫ জন প্রথম বিভাগে , ২ হাজার ২৫৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৩ হাজার ১৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে , পাশের হার ৭৪ দশমিক ২-১ শতাংশ । বিজ্ঞান শাখায় মোট ১ হাজার ৯১০ জন অবতীর্ণ হয়েছিল এরমধ্যে ১ হাজার ৫৭২ জন উত্তীর্ণ হয়েছে ।প্রথম বিভাগে ৮৬৫ জন , দ্বিতীয় বিভাগে

৫১৩ এবং তৃতীয় বিভাগে ১৯৪ জন উত্তীর্ণ ।পাশের হার ৮২ দশমিজক ৩-০ শতাংশ । বানিজ্য শাখায় মোট ১ হাজার ২৫ জন অবতীর্ণ হয়েছিল এর মধ্যে ৯১৭ জন উত্তীর্ণ ।প্রথম বিভাগে ৩৯৫ জন , দ্বিতীয় বিভাগে ৪০৫ জন এবং তৃতীয় বিভাগে ১১৭ জন উত্তীর্ণ । পাশের হার ৮৯ দশমিক ৪-৬ শতাংশ ।

করিমগঞ্জ জেলায় কলা শাখায় মোট ৬ হাজার ৩৩৮ জন অবতীর্ণ হয়েছিল এর মধ্যে ৫ হাজার ৫৮২ জন উত্তীর্ণ। প্রথম বিভাগে ১ হাজার ৯৪২ জন , দ্বিতীয় বিভাগে ২ হাজার ৮৪ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ৫৫৬ জন উত্তীর্ণ হয়েছে ।পাশের হার ৮৮ দশমিক ০৭ শতাংশ । বিজ্ঞান শাখায় মোট অবতীর্ণ ১ হাজার ২২০ জন এর মধ্যে ১ হাজার ৬৮ জন উত্তীর্ণ । প্রথম বিভাগে ৫৯০ জন , দ্বিতীয় বিভাগে ৩৬৩ জন এবং তৃতীয় বিভাগে ১১৫ জন উত্তীর্ণ । পাশের হার ৮৭ দশমিক ৫-৪ শতাংশ ।বানিজ্য শাখায় মোট ৪১৯ জন অবতীর্ণ হয়েছিল , এর মধ্যে ৩৫০ জন উত্তীর্ণ হয়েছে । প্রথম বিভাগে ১৩০ জন , দ্বিতীয় বিভাগে ১২২ জন এবং তৃতীয় বিভাগে ৯৮ জন উত্তীর্ণ । পাশের হার ৮৩ দশমিক ৫-৩ শতাংশ ।

হাইলাকান্দি জেলায় কলা শাখায় মোট অবতীর্ণ ৩ হাজার ৪৬৫ জন এর মধ্যে ২ হাজার ৮১৪ জন উত্তীর্ণ

হয়েছে । প্রথম বিভাগে ৬৪৬ , দ্বিতীয় বিভাগে ১ হাজার ৫৮ এবং তৃতীয় বিভাগে ১ হাজার ১১০ জন উত্তীর্ণ হয়েছে । পাশের হার ৮১ দশমিক ২১ শতাংশ ।বিজ্ঞান শাখায় মোট ৯৮৬ জন অবতীর্ণ । এর মধ্যে ৭৯১ জন উত্তীর্ণ হয়েছে ।প্রথম বিভাগে ২৮১ জন , দ্বিতীয় বিভাগে ৩৭০ জন এবং তৃতীয় বিভাগে ১৪০ জন উত্তীর্ণ ।পাশের হার ৮০ দশমিক ২-২ শতাংশ ।বানিজ্য শাখায় ১৯৭ জন মোট অবতীর্ণ হয়েছিল এরমধ্যে মোট ১৫৯ জন উত্তীর্ণ । প্রথম বিভাগে ৭৩ জন , দ্বিতীয় বিভাগে ৬০ জন এবং তৃতীয় বিভাগে ২৬ জন উত্তীর্ণ হয়েছে । পাশের হার ৮০ দশমিক ৭-১ শতাংশ ।

---

আসাম লোকসেবা আয়োগের ২০২৩ বর্ষের সংযুক্ত প্রতিযোগিতামূলক প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে । মেইন্‌স পরীক্ষার জন্য সর্বমোট দুহাজার ৮৯৮ জন পরীক্ষার্থী যোগ্যতা অর্জন করেছেন । এরমধ্যে ৭১৯ জন মহিলা, ১০৬ জন বিশেষভাবে সক্ষম এবং ১০২ জন প্রাক্তন সৈনিক পরীক্ষার্থীও রয়েছেন । উল্লেখ্য- রাজ্যের ৩২ টি জেলার ১১৬ টি পরীক্ষাকেন্দ্রে সর্বমোট ২৩৫ টি পদের জন্যে হওয়া পরীক্ষায় মোট ৬৭ হাজার ২৯১ জন প্রার্থী আবেদন করেছিলেন। লোকসেবা

আয়োগের এক বিবৃতি অনুসারে জুলাই মাসের শেষভাগে মেইন্‌স পরীক্ষাটি অনুষ্ঠিত হবে । এই পরীক্ষার প্রশ্নপত্র গুলি ইংরেজী সহ্‌ বাংলায়ও পাওয়া যাবে । পরীক্ষার্থীরা বাংলা মাধ্যমেও উত্তর সমূহ্‌ লিখতে পারবেন ।

---

সোয়াইন ফ্লু’তে আক্রান্ত হয়ে বরাক উপত্যকায় গত মঙ্গলবার একটি শিশুর মৃত্যু হওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যের স্বাস্থ্য বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে বলে আসামের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী কেশব মহন্ত জানিয়েছেন । স্বাস্থ্যমন্ত্রী এইক্ষেত্রে জনসাধারণকে আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি একইসঙ্গে সোয়াইন ফ্লুর সংক্রমণ নিশ্চিত করে লোকজনের স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি সচেতনতা সৃষ্টির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন । রাজ্যের মেডিকেল কলেজগুলিতে এই ব্যাপারে প্রাথমিক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেওয়া হয়েছে । এদিকে ডিব্রুগড়ে কলেরা সদৃশ রোগের প্রাদুর্ভাব ঘটেছে বলে শ্রী মহন্তকে করা সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি এই বিষয়টিতে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা করতে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন বলে জানা গেছে ।

---

করিমগঞ্জের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের পক্ষ থেকে সোয়াইন ফ্লু প্রতিরোধে কিছু সর্তকতামূলক নির্দেশিকা জারী করা হয়েছে । বিভাগ থেকে জানানো হয়েছে যে সংক্রমনের ঝুকি কমাতে শুকর থাকার স্থানে পরিষ্কার-পরিচ্ছনতা বজায় রাখতে হবে । শুকর পালনের সাথে যুক্ত কৃষক এবং ব্যাক্তিদের যথাযথ টীকা প্রদান করতে হবে । এছাড়া সংক্রমনের মাত্রা প্রতিরোধ করার জন্য রোগীকে পৃথকভাবে রেখে চিকিৎসা করা সহ চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের রোগীর চিকিৎসা করার সময় মাস্ক , চশমা , এপ্রোন , গ্লাভস পরিধান করতে হবে । সংক্রমিত রোগীদের চিকিৎসা করার পর চিকিৎসক , স্বাস্থ্য কর্মী সহ প্রত্যেক ব্যাক্তিকে হাত-পা ভালভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করে ধুয়ে নিতে বলা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে লামডিং ডিভিশনের অর্ন্তগত জাটিঙ্গা লামপুর ও নিউ হাফলং রেল স্টেশনের মধ্যে দূর্ঘটনা প্রবন রেল লাইনের সংস্কার কাজের জন্য আগামীকাল ১৫৬১৫ নম্বরের গৌহাটী-শিলচর এক্সপ্রেস এবং ১৫৬১৬ নম্বরের শিলচর-গৌহাটী এক্সপ্রেস ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে ।

---

ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদ ( আই সি এম আর) ২০২৪ সালের উপযোগী করে ভারতীয়দের আধুনিক খাদ্যাভ্যাসের এক নির্দেশিকা আজ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছে । হায়দ্রাবাদ ভিত্তিক ন্যাশনেল ইনস্টিটিউট অব নিউট্রিশন -নিন এর করা গবেষণা অনুযায়ী প্রস্তুত করা নির্দেশিকায় জনসাধারণকে শারিরীকভাবে কর্মতৎপর থাকতে, নিয়মিত ব্যায়াম করতে, খাদ্যে লবণের পরিমাণ কম করতে, বেশি শর্করা জাতীয় খাদ্য, চিনি, প্রক্রিয়াকৃত খাদ্য কম খাওয়া, শরীরের বেশি ওজন কমানোর পরামর্শ দেওয়া হয়েছে ।

---

কোভিড প্রতিষেধকের পার্শ্বপ্রতিক্রিয়া থাকার বিষয়ে সর্বত্র চর্চা হওয়ার পরিপ্রেক্ষিতে কোভিশিল্ডের প্রস্তুতকর্তা এষ্ট্রাজেনেকা নামের কোম্পানীটি এই প্রতিষেধকটি বিশ্বের বাজার থেকে প্রত্যাহার করার কথা ঘোষণা করেছে ।ব্রিটিশ ঔষধ প্রস্তুতকারক কোম্পানীটি কোভিশিল্ড প্রতিষেধকটি ক্রয় এবং বিক্রয় সহ এর উৎপাদন ও সরবরাহ বন্ধ করার কথাও ঘোষণা করেছে ।

---

**সমাপ্ত**